যুগান্তর

তারিখ 3 JAN 2010
পৃষ্ঠা ... কলাম ...

ফলাফল স্থগিতের প্রতিবাদে

# রাজশাহী পলিটেকনিকে অধ্যক্ষের কক্ষ ভাংচুর করেছে শিক্ষার্থীরা

রাজশাহী ব্যুরো

ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য দেখিয়ে বিভিন্ন সেমিস্টারের ফাইনাল পরীক্ষার ফলাফল স্থগিত রাখার প্রতিবাদে শনিবার রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউটে সাধারণ শিক্ষার্থীরা বিক্ষোভ করে অধ্যক্ষের কক্ষে ব্যাপক ভাংচুর করেছে। গতকাল বেলা ১১টার দিকে কলেজ শাখা শ্রমিক সমিতির সভাপতি আসফাকুজ্জামানের নেতৃত্বে ও কয়েকজন

ভাংচুর : পৃষ্ঠা ২ : কলাম ৩

## ভাংচুর : রাজশাহী

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষকের ইন্ধনে শিক্ষার্থীরা ক্যাম্পাসে তাণ্ডব চালায় বলে অভিযোগ উঠেছে। পরে নগরীর বোয়ালিয়া মডেল থানা পুলিশ ক্যাম্পাসে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় সাধারণ শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউটের বিভিন্ন বিভাগের ২য়, ৪র্থ ও ষষ্ঠ সেমিস্টারের ফাইনাল পরীক্ষায় অন্তত ৬০ জন শিক্ষার্থীকে ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য দেখিয়ে ফলাফল স্থগিত করে রাখা হয়। গত কয়েকদিন ধরে এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা চলে আসছে।

শিক্ষার্থীরা জানান, ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ না করে বিভিন্ন বিভাগের ৬০ জন ছাত্রের ফলাফল স্থগিত করে রাখে কলেজ কর্তৃপক্ষ। বিষয়টির সমাধানে শিক্ষার্থীরা বার বার অধ্যক্ষের সঙ্গে আলাপ-আলোচনায় বসে। অধ্যক্ষ শিক্ষার্থীদের আশ্বাস দিয়ে এলেও ফলাফল প্রকাশ না করায় বিক্ষুব্ধ হয়ে ওঠে শিক্ষার্থীরা।

এরই জের ধরে গতকাল ফেল করা ওই ছাত্ররা ক্যাম্পাসে ফলাফল প্রকাশের জন্য আবেদন করতে যায়। তবে কয়েকজন শিক্ষক তাদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করলে শিক্ষার্থীরা বাইরে এসে বিক্ষোভ শুরু করে। এক পর্যায়ে পলিটেকনিক শাখা শ্রমিক সমিতির সভাপতি বিক্ষুব্ধ ওইসব ছাত্রের নেতৃত্ব দিয়ে অধ্যক্ষের কক্ষে হামলা চালায়।